


একাদশের ক্লাস শুরু ১ ফেব্রুয়ারি

নিজস্ব প্রতিবেদক

২৬ ডিসেম্বর ২০২২ ০৮:৫৯ পিএম | আপডেট: ২৬ ডিসেম্বর ২০২২
০৯:৩৫ পিএম

7
Shares



স্বাদে স্বাস্থ্যে ব্যানের গাথে...

সঠিক মাত্রার আয়োডিন

বিত্তন লবণ

ঘৰৰ বাবে ও গুড় লবণ



প্রতীকী ছবি

advertisement

সদ্য মাধ্যমিক পাস করা শিক্ষার্থীদের একাদশ শ্রেণিতে ভর্তির প্রক্রিয়া চলছে। আগামী ১ ফেব্রুয়ারি থেকে একাদশ শ্রেণির ক্লাস শুরু হবে। আজ সোমবার প্রকাশিত সরকারি-বেসরকারি কলেজ, সরকারি আলিয়া মাদ্রাসা ও টিটি কলেজের ২০২৩ সালের ছুটির তালিকা থেকে এ তথ্য জানা যায়।

ছুটির তালিকায় উল্লেখ করা হয়, আগামী ১৬ আগস্ট থেকে একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা শুরু হবে, চলবে ৩১ আগস্ট পর্যন্ত। ৫ সেপ্টেম্বর বার্ষিক পরীক্ষার ফল প্রকাশ করা হবে।

advertisement

উল্লেখ্য, একাদশ শ্রেণিতে ভর্তির প্রথম ধাপের আবেদন নেওয়া হয়েছে। আগামী ৩১ ডিসেম্বর প্রথম পর্যায়ের নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ করা হবে।

advertisement 4

প্রথম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন চলবে ১ জানুয়ারি থেকে ৮ জানুয়ারি পর্যন্ত। শেষ ধাপ (তৃতীয়) পর্যন্ত মেধাক্রম প্রকাশ করবে প্রতিষ্ঠানগুলো। ভর্তি কার্যক্রম শেষ হবে ২০ জানুয়ারি। একাদশ শ্রেণিতে ভর্তি হতে প্রথম ধাপে প্রায় ১৩ লাখ ভর্তিচ্ছু আবেদন করেছে।

7
Shares